ডিন
সামাজিক বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৮৬১৩৭৩৮
ফ্যাক্স : ৮৮০-২- ৯৬৬৭২২২

Dean
Faculty of Social Sciences
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone : 9661900/4352, 8613738
Fax : 880-2- 9667222
E-mail : dean.fss.du@gmail.com

তারিখ: ২০ নভেম্বর, ২০১৯

বিজ্ঞপ্তি

'ঘ' ইউনিট: ২০১৯-২০২০

বিভাগ মনোনয়ন ও ভর্তির সাক্ষাৎকার

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে 'ঘ'-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নির্ধারিত আসনে ভর্তির জন্য Subject Choice Form-এ লিপিবদ্ধ পছন্দের ক্রমানুসারে অনলাইনে বিভাগ মনোনয়ন দেয়া হলো। শিক্ষার্থীগণ [http://admission.eis.du.ac.bd] অনলাইনে **লগইন** করে শুধুমাত্র নিজের প্রাপ্ত বিভাগ দেখতে পারবে। অনলাইনে প্রকাশিত মনোনীত বিভাগে যে সকল ছাত্র-ছাত্রী ভর্তি হতে ইচ্ছুক, তাদেরকে নিম্নে উল্লেখিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনের ডিন অফিসে সাক্ষাৎকারের জন্য উপস্থিত থাকতে বলা হচ্ছে।

সাক্ষাৎকারের তারিখ ও সময়

তারিখ	গ্রুপ	মেধাক্রম	সময়	
			সকাল	বিকাল
২৬/১১/২০১৯ (মঙ্গলবার)	বিজ্ঞান	০০১ - ২০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	৯:৩০ টায়	×
		২০১ - ৪০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১১:৩০ টায়	×
		৪০১ - ৬০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	×	২:৩০ টায়
২৭/১১/২০১৯ (বুধবার)	বিজ্ঞান	৬০১ - ৭৫০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	৯:৩০ টায়	×
		৭৫১ - ৯০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১১:৩০ টায়	×
		৯০১ - ...... (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	×	২:৩০ টায়
২৮/১১/২০১৯ (বৃহস্পতিবার)	ব্যবসায় শিক্ষা	০০১ - ২০০ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	৯:৩০ টায়	×
		২০১ - ...... (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১১:৩০ টায়	×
	মানবিক	০০১ - ০৫১ (যারা বিভাগ মনোনয়ন পেয়েছে)	১২:৩০ টায়	×

বি: দ্র:- থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ (নাট্যকলা) বিভাগে (৭+৩=১০টি আসন), সংগীত বিভাগে (২০+১০=৩০টি আসন) ও নৃত্যকলা বিভাগে (১০+১০=২০টি আসন) মোট ৬০টি আসনে আপাতত কাউকে মনোনয়ন দেয়া হয়নি। পরবর্তীতে সাক্ষাৎকারের মাধ্যমে এই ৩টি বিভাগে প্রার্থী মনোনয়ন দেয়া হবে। এই তিনটি বিভাগে সাক্ষাৎকারের জন্য বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার উত্তীর্ণ সকল প্রার্থীকে ডাকা হবে। তবে যারা অভিনয়ে/সংগীতে/নৃত্যে পারদর্শী ও অভিজ্ঞ তাদেরকে মনোনয়ন দেয়া হবে। সাক্ষাৎকারের সময়সূচী অনলাইনে নোটিশের মাধ্যমে পরে জানানো হবে।

সাক্ষাৎকারের সময়ে যা আনতে হবে

- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল গ্রেডশিট
- ইন্টারনেটের মাধ্যমে ডাউনলোডকৃত Subject Choice Form-এর উভয় পৃষ্ঠা এক কপি
- ইন্টারনেট থেকে প্রাপ্ত বিভাগ মনোনয়নের ১টি প্রিন্ট কপি

কোন প্রার্থী ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল গ্রেডশিট দেখাতে না পারলেও সাক্ষাৎকার নেয়া হবে। তবে এক সপ্তাহের মধ্যে মূল গ্রেডশিট ডিন অফিসে অবশ্যই দেখাতে হবে। অন্যথায় বিভাগে প্রেরিত ভর্তির তালিকায় ঐ শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত করা হবে না।

অপর পৃষ্ঠায় প্রয়োজনীয় তথ্যাবলী দ্রষ্টব্য

প্রয়োজনীয় তথ্যাবলী

১। প্রকাশিত তালিকায় পছন্দক্রম অনুসারে বিভাগ পেয়েও যারা সাক্ষাৎকারে অনুপস্থিত থাকবে, তাদের আসনটি খালি বলে গণ্য হবে। পরবর্তীতে তাদের ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

২। যে সকল প্রার্থী বিভাগ মনোনয়ন পায়নি, তাদের ক্ষেত্রে No Department/NOD লেখা আছে। এ সকল প্রার্থীকে পরবর্তী তালিকার জন্যে অপেক্ষা করতে হবে।

৩। সাক্ষাৎকার শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে **পরবর্তী তালিকা** প্রকাশ করা হবে। **পরবর্তী তালিকাই ভর্তির চূড়ান্ত তালিকা হিসেবে গণ্য হবে**। চূড়ান্ত তালিকা অনুযায়ী বিভাগে ভর্তির তারিখ ঐদিন ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৪। **প্রকাশিত তালিকায় বিভাগ মনোনয়ন পাওয়ার পরও যদি কোন বিভাগে আসন খালি হয়, পছন্দক্রম অনুযায়ী পরবর্তী তালিকায় স্বয়ংক্রিয় পদ্ধতিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর বিভাগ পরিবর্তন হতে পারে।** পছন্দক্রম অনুযায়ী কোন শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে না চাইলে সাক্ষাৎকার শেষ হওয়ার সাথে সাথেই ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ বরাবর আবেদন করতে পারবে। ভর্তিচ্ছুদের সুবিধার্থে আবেদনের নমুনা ফরমটি সংযুক্ত করা হলো।

৫। ভর্তিচ্ছু কোন শিক্ষার্থীর ভাই/বোন কোন আবাসিক হলের শিক্ষার্থী হয়ে থাকলে, সেই হলে সংযুক্তি চাইলে তথ্য প্রমানসহ আগামী ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে ডিন বরাবর লিখিত আবেদন করতে পারবে। পরবর্তীতে আবাসিক হল পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

৬। প্রকাশিত তালিকায় সর্বশেষ বিভাগ পেয়েছে যথাক্রমে-
বিজ্ঞান-**১২১৬**, ব্যবসায় শিক্ষা-**৪৩৬**, মানবিক-**৫১** মেধাক্রম পর্যন্ত।

৭। বিভিন্ন কোটায় আবেদনকারীদের নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে সাক্ষাৎকারের জন্য উপস্থিত থাকতে বলা হচ্ছে। সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে বিভাগ মনোনয়ন দেয়ার কোন সুযোগ থাকবে না।

নং	কোটার নাম	সময়	তারিখ	মেধাক্রম	মন্তব্য
১.	ওয়ার্ড	১০:০০ টায়	০৩/১২/২০১৯	বিজ্ঞান, ব্যবসায় ও মানবিক শাখার আবেদনকারী সকল প্রার্থী	আবেদনের সাথে যে সকল ডকুমেন্ট জমা দেয়া হয়েছে তার মূলকপি সাক্ষাৎকারে আসার সময় আনতে বলা হচ্ছে।
২.	প্রতিবন্ধী	১১:০০ টায়			
৩.	দলিত ও হরিজন	১২:০০ টায়			
৪.	খেলোয়াড়				
৫.	ক্ষুদ্র নৃগোষ্ঠী	০২:০০ টায়			

নং	কোটার নাম	গ্রুপ	তারিখ ও সময়	মেধাক্রম	মন্তব্য
৬.	মুক্তিযোদ্ধা (সন্তান ও নাতি-নাতনী) আসন সংখ্যা ৫% হারে: বিজ্ঞান-৫৫ জন মানবিক-৩ জন ব্যবসায়-২১ জন	বিজ্ঞান	০৪/১২/২০১৯ সকাল: ৯:৩০ টায়	০১ - ৪০০০ পর্যন্ত আবেদনকারী, ১৫৫ জন	আবেদনের সাথে যে সকল ডকুমেন্ট জমা দেয়া হয়েছে তার মূলকপি সাক্ষাৎকারে আসার সময় আনতে বলা হচ্ছে।
		মানবিক	০৪/১২/২০১৯ দুপুর: ১২:০০ টায়	০১ - ৪০০ পর্যন্ত আবেদনকারী, ১০ জন	
		ব্যবসায়	০৪/১২/২০১৯ বিকাল: ২:৩০ টায়	আবেদনকারী সকল প্রার্থী, ৪৫ জন	
বি: দ্র:- সাক্ষাৎকারে আসার পর কোটায় মেধাক্রম অনুযায়ী বিভাগ মনোনয়ন দেয়া হবে। আসন সংখ্যার অতিরিক্ত সাক্ষাৎকারে ডাকা হয়েছে।					

ভর্তি সংক্রান্ত বিষয়াদি পরবর্তীতে যথাসময়ে সামাজিক বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটের ‘ঘ’ ইউনিট নোটিশ সেকশনে জানানো হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদির জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ওয়েবসাইট/ ডিন অফিসের নোটিশ বোর্ড দেখার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

স্বাক্ষরিত/-
অধ্যাপক ড. সাদেকা হালিম
ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ
ও
সমন্বয়কারী ‘ঘ’ ইউনিট ভর্তি: ২০১৯-২০২০
ঢাকা বিশ্ববিদ্যালয়

(যাদের জন্য প্রযোজ্য)

তারিখঃ ..../১১/২০১৯

বরাবর
ডিন
সামাজিক বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয় ঃ পরবর্তী তালিকায় পছন্দক্রম অনুসারে বিষয় অপরিবর্তনীয় রাখা প্রসঙ্গে।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নিম্নোক্ত বিভাগে ভর্তির জন্য প্রথম তালিকায় মনোনীত হই। পরবর্তী তালিকায় পছন্দক্রম অনুসারে বিষয় পরিবর্তন (অটো মাইগ্রেশন) করতে চাই না। আমি প্রথম তালিকায় মনোনীত বিভাগেই পড়তে ইচ্ছুক।

নিম্নে আমার ভর্তি সংক্রান্ত তথ্যাদি উল্লেখ্য করা হলোঃ

নাম	:	
ভর্তি পরীক্ষার রোল	:	
মেধাক্রম	:	
গ্রুপ	:	
প্রাপ্ত বিভাগ	:	
মোবাইল নং	:	

অতএব, আমাকে উক্ত বিভাগে বহাল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

শিক্ষার্থীর স্বাক্ষর